

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
নবীগঞ্জ, হবিগঞ্জ।


**ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এত দ্বারা নবীগঞ্জ উপজেলার নিম্ন উল্লেখিত ইউনিয়নের বাজারে খাদ্য বান্ধব কর্মসূচির ০৪ জন ডিলার পদ শূন্য হওয়ায় তৎস্থলে ০১। ১নং বর ভাইকৈর (পঃ) ইউনিয়নের জগন্নাথপুর বাজারে ০১ জন, ০২। ০৩নং ইনাতগঞ্জ ইউনিয়নের ইনাতগঞ্জ বাজারে ০১ জন, ০৩। ১০নং দেবপাড়া ইউনিয়নের গোফলার বাজারে ০১ জন, ০৪। ১২ নং কালিয়ারভাঙ্গা ইউনিয়নের ইমামবাড়ি বাজারে ০১ জন। ০৯/০২/২০২২ তারিখের সিদ্ধান্ত মোতাবেক অত্র নবীগঞ্জ উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচী পরিচালনার জন্য খাদ্যবান্ধব কর্মসূচির অনুকূলে সরকার নির্ধারিত মূল্যে হতদরিদ্রদের মধ্যে কার্ডের মাধ্যমে চাল বিতরণের জন্য ডিলার নিয়োগ করা হইবে। অত্রই প্রার্থীগণ আগামী ১০/০২/২০২২ খ্রি. তারিখ হইতে ২২/০২/২০২২ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে আবেদন করতে হবে।

**শর্তাবলীঃ-**

- ১। আবেদনকারীকে আবেদনে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা উল্লেখসহ আবেদন করতে হবে।
- ২। আবেদনের সাথে হালনাগাদ ট্রেডলাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সংযুক্ত করতে হবে।
- ৩। ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ পত্র দিতে হবে, এবং খাদ্য সামগ্রী বিক্রয়ের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৪। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে, বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
- ৫। আবেদনকারীকে প্রতিষ্ঠিত মুদি দোকানদার/চালের খুচরা ব্যবসায়ী/সাধারণ ব্যবসায়ী হতে হবে।
- ৬। দোকান ঘরের মালিকানা সংক্রান্ত কাগজপত্র দিতে হবে। দোকান ঘরের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং ১৫ মেট্রিকটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে। সরকারি কর্মচারী/জনপ্রতিনিধি আবেদনের অযোগ্য একই ব্যক্তি খাদ্য বিভাগের একাদিক ডিলার হতে পারবেন না।
- ৭। খাদ্য বিভাগের কালো তালিকাভুক্ত, বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি/ প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- ৮। নিয়োগপ্রাপ্ত ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে- অর্ডার তফসিলি ব্যাংকে জমা দিতে হবে এবং ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্টাম্প অঙ্গীকার নামা জমা দিতে হবে।
- ০৯। আবেদনকারী ডিলার হিসেবে নিয়োগপ্রাপ্ত হলে খাদ্যবিভাগের প্রয়োজনে/নিতিমালা অনুযায়ী খোলা জায়গায়/অস্থায়ী কাঠামো তৈরী করে পন্য বিক্রয় করতে হবে।
- ১০। প্রয়োজনে যে কোনো শর্তাবলী পরিবর্তন/পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ইহাতে উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ এর অনুমোদন রহিয়াছে।

  
(মোঃ জামিম উদ্দিন সরকার)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং : ১৩.০১.৩৬৭৭.০০২.৫৭.০০১.১৮.২৪

তারিখ ০৯/০২/২০২২ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০১।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ।
- ০৫। সকল বিভাগীয় প্রধান, অত্র উপজেলা দপ্তর।
- ০৬। চেয়ারম্যান, সকল ইউ/পি নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৭। ট্রাণ অফিসার..... নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবীগঞ্জ খাদ্য গুদাম নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৯। নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নবীগঞ্জ, হবিগঞ্জ।